

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৩

২৩ ফেব্রুয়ারি ২০২১
তারিখঃ -----
১০ ফাল্গুন ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে ব্যাংকের করণীয় প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৫; তারিখঃ ২২ মার্চ ২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১; তারিখঃ ১৮ আগস্ট ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। দেশের অর্থনৈতিক গতিশীলতা উন্নয়নে ব্যাংকিং খাতের ভূমিকা অব্যাহত রাখার লক্ষ্যে উপরোক্ত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অনূচ্ছেদ নং-৫ ও ৬ এর ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবেঃ

ক) অনূচ্ছেদ নং-৫ঃ ঝুঁকিপূর্ণ ব্যক্তি, সম্ভান সম্ভবা নারী ও কোভিড-১৯ এ আক্রান্ত বা আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসা কর্মকর্তা-কর্মচারীদের ছুটি প্রদানের ক্ষেত্রে স্ব স্ব ব্যাংকের পরিচালনা পর্ষদ (বিদেশী বাণিজ্যিক ব্যাংকের ক্ষেত্রে কান্ট্রি ম্যানেজমেন্ট টিম অথবা দায়িত্বপ্রাপ্ত সমজাতীয় কমিটি/টিম) সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

খ) অনূচ্ছেদ নং-৬ঃ প্রয়োজনীয় সকল সভা-সেমিনার ভার্চুয়াল মাধ্যমে আয়োজন করতে হবে এবং বিশেষ প্রয়োজনে সশরীরে আয়োজনের ক্ষেত্রে এতদসংক্রান্ত WHO এর গাইডলাইন অনুসরণীয় হবে। এছাড়া দাপ্তরিক/ব্যক্তিগত কোন কাজে দেশের বাইরে গমন নিরুৎসাহিত করতে হবে; তবে জরুরী প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গমন করা যাবে।

৩। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এবং সার্কুলার লেটার নং-৪১/২০২০ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২